

# শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসন কার্যক্রমের উল্লেখযোগ্য অগ্রগতি

২ ০ ১ ৯

BLAST

Sweden Sverige

Save the Children

# ব্লাস্ট ও জাতীয় মানবাধিকার কমিশন এর একটি যৌথ কার্যক্রম

### শিশু আইন ২০১৩ এর সংশোধনী প্রস্তাবনা খসড়া প্রণয়ন এর কার্যনির্বাহী কমিটিতে জাতীয় মানবাধিকার কমিশন এর প্রতিনিধিকে সদস্য হিসেবে মনোনয়ন প্রদান


শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি বিষয়টি শিশু আইন ২০১৩ এ অর্ন্তভুক্তি বিষয়ে সংশোধনী প্রস্তাবনা খসড়া প্রণয়ন এর লক্ষ্যে ব্লাস্ট কর্তৃক ০৯ সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়। এ প্রেক্ষিতে কমিটিতে জাতীয় মানবাধিকার কমিশন এর প্রতিনিধি মনোনয়ন প্রদানের জন্য ব্লাস্ট ১৯ জুলাই ২০১৯ তারিখ একটি অনুরোধপত্র কমিশনের চেয়ারম্যান বরাবর প্রেরণ করেন। এ প্রেক্ষিতে কমিশন গত ৭ জুলাই ২০১৯ জাতীয় মানবাধিকার কমিশন এর শিশু অধিকার বিষয়ক কমিটির সম্মানিত সদস্য ও উপ-পরিচালককে কার্যনির্বাহী কমিটির প্রতিনিধিকে সদস্য হিসেবে মনোনয়ন প্রদান করেন।

### ব্লাস্ট ও জাতীয় মানবাধিকার কমিশন এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

গত ০৬ আগস্ট ২০১৯ তারিখ শিক্ষা প্রতিষ্ঠানসহ সর্বক্ষেত্রে শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে যৌথ উদ্যোগে কাজ করার জন্য ব্লাস্ট ও জাতীয় মানবাধিকার কমিশনের মধ্যে সমঝোতা স্মারক পুন: স্বাক্ষরিত হয়।

## জাতীয় মানবাধিকার কমিশনে আবেদন-২০১৯: পর্যালোচনা

### মোট আবেদন করা হয়: ৩৩টি



## নির্যাতনের শিকার এবং ক্ষতিগ্রস্থ শিশু




মোট ২০১ জন শিশু | বয়স ০৫ হতে ১৬ বছর




প্রাথমিক বিদ্যালয় ১০ | মাধ্যমিক বিদ্যালয়ে ১৩ | মাদ্রাসা ১০

| ক্র: নং | সাল | আবেদনের সংখ্যা | নিস্পত্তি | চলমান | হালনাগাদ হয়নি | নির্যাতিত শিশুর মোট সংখ্যা | ছেলে | মেয়ে |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ২০১৯ | ৩৩ | ২ | ১৮ | ১৩ | ২০১ | ৬৮ | ১৩৩ |

# জাতীয় মানবাধিকার কমিশনে আবেদন ২০১২-২০১৮: ফলোআপ

## নির্যাতনের অযুহাত

- শ্রেণীর পড়া না পড়ে আসা
- শিক্ষকের পড়া বুঝতে না পারা
- অনুমতি ছাড়া শিক্ষা প্রতিষ্ঠানের বাহিরে যাওয়া
- সময় মতো শিক্ষা প্রতিষ্ঠানের বেতন পরিশোধ না করা
- চুল পরিপাটি না রাখা
- ইউনিফর্ম না পরে আসা
- স্কুল শিক্ষক এর নিকট প্রাইভেট না পড়া
- চুল বড় রাখা
- বিদ্যালয়ে নিয়মিত না যাওয়া
- শারীরিক শিক্ষা ক্লাসে অংশগ্রহণ না করা
- অনুশীলনীর উত্তর ভুল লেখা
- শিক্ষককে লুডু খেলার সময় বিরক্ত করা
- শিক্ষকের আদেশ অমান্য করা

## শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ




সরকারি | মাদ্রাসা | বেসরকারি

## নির্যাতন করার ধরণ

- নির্মম বেত্রাঘাত
- ধর্ষণ
- মানসিক নির্যাতন
- লোহার শিকলে বেঁধে রাখা
- চুল কেটে দেয়া
- মাঠ পরিষ্কার করানো
- যৌন নির্যাতন
- বুকে লাথি মারা
- হাত ভেঙ্গে দেওয়া
- মুখে স্কচটেপ দিয়ে আটকে মারা
- চোখে লাঠি ছুঁড়ে মারা
- রোদে দাঁড় করিয়ে রাখা
- বিলম্বের কারণে অতিরিক্ত ফি আদায়
- স্কুল চলাকালীন সময়ে শিশু অসুস্থ হলে অবহেলা করা

## নির্যাতনের ফলাফল

- শরীরে কাঁলচে দাগ পড়া
- অসুস্থ হওয়া
- হাসপাতালে ভর্তি
- আত্মহত্যা
- অজ্ঞান হয়ে যাওয়া
- মানসিকভাবে দুর্বল হয়ে যাওয়া


## ব্লাস্ট এর উদ্যোগে নির্যাতন পরবর্তী অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে গৃহীত পদক্ষেপ

- জাতীয় মানবাধিকার কমিশন, জেলা প্রশাসন, উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অফিসার, ব্লাস্ট ইউনিট সমন্বয়কারী, প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্ট প্রশাসনের নিকট চিঠি প্রেরণ ও লিখিত জবাব প্রেরণ।
- ক্ষতিগ্রস্থ শিশুর পরিবারের সাথে যোগাযোগ, মামলা দায়ের ও পরিচালনার করার ক্ষেত্রে সম্মতি নেওয়া এবং মামলা দায়ের করা।
- স্থানীয় প্রশাসন কর্তৃক দুই পক্ষের মধ্যে সমঝোতা।
- স্থানীয় প্রশাসন কর্তৃক কমিশনকে সংশ্লিষ্ট ঘটনার তদন্ত প্রতিবেদন প্রেরণ, জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক নোটিশ প্রেরণ, জাতীয় মানাধিকার কমিশন কর্তৃক শুনানির আয়োজন, সংশ্লিষ্ট প্রশাসনকে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ।

| নং | সাল | নির্যাতিত শিশুর মোট সংখ্যা | ছেলে | মেয়ে |
|---|---|---|---|---|
| ০১ | ২০১৬ | ৪৪ | ২৬ | ১৮ |
| ০২ | ২০১৭ | ১৮৯ | ১১১ | ৭৮ |
| ০৩ | ২০১৮ | ৪৫ | ৩১ | ১৪ |

| নং | সাল | আবেদনের সংখ্যা | নিস্পত্তি | চলমান |
|---|---|---|---|---|
| ০১ | ২০১৬ | ১৮ | ১১ | ৭ |
| ০২ | ২০১৭ | ২০ | ১২ | ৮ |
| ০৩ | ২০১৮ | ২৪ | ১৭ | ৭ |

## নির্যাতিত শিশুর মোট সংখ্যা



## বেত্রাঘাতে দৃষ্টিশক্তি হারাতে বসেছে ছাত্র

চট্টগ্রামের ইপিজেড পাবলিক স্কুল অ্যান্ড কলেজের ছাত্র আলীর (ছদ্মনাম), বয়স ১৪ বছর এবং সে জেএসসি পরীক্ষার্থী। একদিন আলী জ্যামিতি অ্যাসাইনমেন্ট করতে না পারায় শিক্ষক তাকে টেপ মোড়ানো একটি বেত দিয়ে বেদম মারধর করেন। এক পর্যায়ে বেতের আঘাত তার বাম চোখে লাগে, সঙ্গে সঙ্গে চোখ ফুলে যায় এবং রক্ত বেরোয়। পরবর্তীতে তাকে প্রাথমিক চিকিৎসা না দিয়ে শিক্ষক বাসায় পাঠিয়ে দেন। পরে শিক্ষার্থীর বাবা মোহাম্মদ কামরুজ্জামান তাকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান, ডাক্তার জানান আলীর ডান চোখ আহত হয়েছে এবং চোখের দৃষ্টি ফিরে পাওয়ার আশা খুব ক্ষীণ।[১]

আমরা জানি, মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক ও মানসিক শাস্তি প্রদান নিষিদ্ধ করা হয়েছে। তথাপি, শিক্ষকের এরূপ আচরণ সরাসরি মানবাধিকার লঙ্ঘন। ব্লাস্ট উক্ত শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক শিশুর প্রতি নির্যাতনের বিষয়টি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকর্ষণ করে গত ২৯ জুলাই ২০১৭ তারিখ আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে জাতীয় মানবাধিকার কমিশন গত-২৩ অক্টোবর ২০১৭ তারিখ চট্টগ্রাম জেলা প্রশাসকের নিকট সুষ্ঠু তদন্তের জন্য অনুরোধ করেন। চট্টগ্রাম জেলা প্রশাসক বিষয়টি জেলা শিক্ষা অফিসারকে অবহিত করেন এবং তদন্তের নির্দেশ দেন। সহকারী শিক্ষা অফিসার উক্ত বিষয়ে তদন্ত করেন এবং স্থানীয় পর্যায়ে ১২ সেপ্টেম্বর ২০১৮ তারিখ দুই পক্ষের মধ্যে একটি শুনানির আয়োজন করেন এবং ২৯ এপ্রিল ২০১৯ তারিখ চট্টগ্রাম জেলা প্রশাসক জাতীয় মানবাধিকার কমিশনে তদন্ত প্রতিবেদন জমা দেন। উক্ত তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, ঘটনাটির সত্যতা পাওয়া গেছে এবং অভিযুক্ত শিক্ষককে শাস্তি হিসেবে বিদ্যালয় থেকে বরখাস্ত করা হয়েছে।

## বেত্রাঘাতে মাদ্রাসার শিশু আহত

মুন্সিগঞ্জের মাদ্রাসার এক শিক্ষক, ছয় বছরের এক শিক্ষার্থীকে পিটিয়ে আহত করেছে। মাদ্রাসায় নিয়মিত না যাওয়ার অভিযোগ তুলে প্রায় সময়ই তাকে মারধর করা হতো। এ জন্য মাদ্রাসায় যাওয়ার প্রতি শিক্ষার্থীর অনীহা তৈরি হয়। ঘটনার দিন শ্রেণী শিক্ষক মাদ্রাসায় না আসার কারণে শিক্ষার্থীকে বেধড়ক পেটান ফলে তার শরীরজুড়ে আঘাতের চিহ্ন ফুটে উঠে। পরবর্তীতে তার বাবা খবর পেয়ে তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান।[২]



আমরা জানি, মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক ও মানসিক শাস্তি প্রদান নিষিদ্ধ করা হয়েছে। তথাপি, শিক্ষকের এরূপ আচরণ মানবাধিকার লঙ্ঘন। ব্লাস্ট ২০ অক্টোবর ২০১৬ তারিখ উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে শিশুর প্রতি নির্যাতনের বিষয়টি জাতীয় মানবাধিকার কমিশনে দৃষ্টি আকর্ষণ করে আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে জাতীয় মানবাধিকার কমিশন, মুন্সিগঞ্জ জেলা প্রশাসক ও পরবর্তীতে জেলা শিক্ষা কর্মকর্তাকে সুষ্ঠু তদন্তের জন্য অনুরোধ করেন। ব্লাস্টের সুপারিশক্রমে এবং জাতীয় মানবাধিকার কমিশনের কয়েক দফা অনুরোধের প্রেক্ষিতে জেলা প্রশাসক তদন্ত সাপেক্ষে গত ০১ জুলাই ২০১৯ তারিখ মানবাধিকার কমিশনে তদন্ত প্রতিবেদন জমা দেন। উক্ত তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, ঘটনাটির সত্যতা পাওয়া গেছে এবং অভিযুক্ত শিক্ষককে শাস্তি হিসেবে বিদ্যালয় থেকে বরখাস্ত করা হয়েছে।

১ https://www.banglanews24.com/daily-chittagong/news/bd/593482.details

২ https://www.prothomalo.com/bangladesh/article/1003849/%E0%A6%AC%E0%A7%87%E0%A6%A4%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%BE%E0%A6%98%E0%A6%BE%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%B6%E0%A6%BF%E0%A6%B6%E0%A7%81-%E0%A6%86%E0%A6%B9%E0%A6%A4-%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%A6%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%BE%E0%A6%B8%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%B6%E0%A6%BF%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B7%E0%A6%95-%E0%A6%AC%E0%A6%B0%E0%A6%96%E0%A6%BE%E0%A6%B8%E0%A7%8D%E0%A6%A4


# তথ্য অধিকার আইনে আবেদন এবং সফলতা

শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি প্রদান নিরসনে গৃহীত পদক্ষেপের বর্তমান অবস্থা জানতে, সরকার প্রদত্ত পরিপত্র ও নির্দেশের বাস্তবায়নের সঠিক মনিটরিং ব্যবস্থা এবং তথ্য সংরক্ষণের সচেতনতার জন্য ব্লাস্ট তথ্য অধিকার আইন ২০১০ এর প্রয়োগ করে যাচ্ছে। তারই অংশ হিসেবে ২০১৯ সালে ব্লাস্ট চারটি বিষয়ের উপর বিভিন্ন কর্তৃপক্ষকে মোট ২৯ টি আবেদন করেছে যার সারসংক্ষেপ নিম্নরূপ:-

১. শিক্ষক প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানে শিক্ষকদের প্রশিক্ষণ কারিকুলামে শিশুদের শারীরিক ও মানসিক শাস্তির বিষয়টি অবহিত করে কোনও অধ্যায় অর্ন্তভুক্ত করা হয়েছে কিনা তা জানতে চেয়ে ১৫টি সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে আবেদন করা হয়। উত্তরে জানা যায় ১৩টি সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ শিক্ষক প্রশিক্ষণ মডিউলে **শিক্ষণ-শিখন এবং দক্ষতা ও কৌশল অধ্যায়ে আবশ্যিক হিসেবে** শারীরিক ও মানসিক শাস্তির বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। পাশাপাশি ব্লাস্ট এর আবেদন পরবর্তীতে কারিগরি শিক্ষা অধিদপ্তর ১১ মার্চ ২০১৯ তারিখ শারীরিক ও মানসিক শাস্তি নিষিদ্ধ বিষয়টি তার অধিনস্থ শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষণ মডিউলে অর্ন্তভুক্তির নির্দেশ প্রদান করেন এবং ব্লাস্টকে অর্ন্তভুক্তির বিষয়টি তথ্য অধিকার আইনের আবেদনের উত্তরে অবহিত করেন।

২. বিগত এক বছরে দেশের শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক শাস্তি প্রদান সংক্রান্ত কতটি অভিযোগ এর তথ্য জানতে চাওয়া হলে প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয় তাদের এক বছরে কতটি অভিযোগ পেয়েছে এবং উক্ত অভিযোগ গুলোর প্রেক্ষিতে কী কী পদক্ষেপ নিয়েছেন তা জানান। পাশাপাশি জেলা প্রশাসক, ঢাকা ১৯ জুলাই, ২০১৬ তারিখ থেকে মাসিক আইন শৃঙ্খলা রক্ষাকারী সভায় শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক শাস্তি প্রদান সংক্রান্ত বিষয়টি যে আলোচনা ও তদারকী হয় তার তথ্য প্রদান করেন এবং থানা শিক্ষা কর্মকর্তার নিকট থেকে তথ্য নিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা প্রশাসককে নিয়মিত যে তথ্য প্রদান করেন তা তথ্য অধিকার আইনে আবেদনের উত্তরে ব্লাস্টকে জানানো হয়।

৩. রাজশাহীর শিক্ষা কর্মকর্তা মাঠ পরিদর্শন কালে তার অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক শাস্তি প্রদান সংক্রান্ত কোন অভিযোগ পেয়েছেন কিনা এবং শারীরিক ও মানসিক শাস্তি প্রদান বন্ধে কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা জানতে চাইলে তিনি ১০ এপ্রিল ২০১৯ তারিখ ১০টি উপজেলা শিক্ষা কর্মকর্তাকে আদেশ দেন এ সংক্রান্ত তথ্য সংগ্রহ করার এবং তা সংগ্রহ করে ব্লাস্টকে প্রেরণ করেন।



" শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ "

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০৬৯.৩২.০২৪.১৯-৫৫

তারিখ: ১১ মার্চ, ২০১৯ খ্রিঃ

**বিষয়: শিক্ষক প্রশিক্ষণ মডিউলে শিশুদের শারীরিক ও মানসিক শাস্তি নিষিদ্ধ বিষয়টি অন্তর্ভুক্ত করণ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন দুইটি শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠান রয়েছে। উক্ত প্রতিষ্ঠানসমূহে শিক্ষকদের প্যাডাগোজিক্যাল এবং স্কিল প্রশিক্ষণ দেওয়া হয়। জানা গেছে যে, উক্ত প্রশিক্ষণ মডিউলসমূহে "শিশুদের শারীরিক ও মানসিক শাস্তি নিষিদ্ধ" বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়নি।

২. বর্ণিত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় এবং মহামান্য হাই কোর্টের নির্দেশনা রয়েছে।
৩. এমতাবস্থায় তার প্রতিষ্ঠানে শিক্ষক প্রশিক্ষণ সংক্রান্ত মডিউলে "শিশুদের শারীরিক ও মানসিক শাস্তি নিষিদ্ধ" বিষয়টি অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
৪. বিষয়টি অতীব জরুরী।

(মোঃ মিজানুর রহমান)
অতিরিক্ত সচিব
ও
পরিচালক (পিআইডব্লিউ)

**বিতরণ :**

১। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা।
২। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।

**অনুলিপি:**

১-৫ । পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন/পরিঃ ও উন্নঃ/ভোকেশনাল/পিআইইউ). কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬ । ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল (পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭ । মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮ । নথি

৪. শিশু আইন, ২০১৩ এর ৭০ ধারা বাস্তবায়নের অবস্থা জানতে চাইলে আদালতসমূহ জানায় এ সংক্রান্ত কোন মামলা দায়ের হয়নি এবং আদালতসমূহে তথ্য প্রদানকারী কর্মকর্তা মনোনয়ন বা নিয়োগ প্রয়োজন বলে বিষয়টি ব্লাস্ট তথ্য কমিশন প্রধানের নিকট সুপারিশ হিসেবে প্রদান করেছে।

| নং | আবেদনে বিষয় | জেলা/বিভাগ | আবেদনের সংখ্যা | কর্তৃপক্ষ | ফলাফল | প্রাপ্ত উত্তর এবং ফলাফল |
|---|---|---|---|---|---|---|
| ০১ | শিশু আইন, ২০১৩ এর ৭০ ধারা প্রয়োগের বর্তমান অবস্থা | ফরিদপুর ও চট্টগ্রাম | ০৪ | চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এবং চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ফরিদপুর ও চট্টগ্রাম | ৪টি -উত্তর পাওয়া গেছে | জানুয়ারি-ডিসেম্বর ২০১৮ সালে কোন মামলা দায়ের করা হয়নি। |
| ০২ | সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজে শিক্ষকদের প্রশিক্ষণ কারিকুলামে শিশুদের শারীরিক ও মানসিক শাস্তির বিষয়টি অবহিত করে কোন অধ্যায় অর্ন্তভুক্ত করা হয়েছে কিনা | রংপুর, পাবনা, সিলেট, ফরিদপুর, খুলনা, কুমিল্লা, ফেনী, রাজশাহী, ময়মনসিংহ (২), ঢাকা(৪), গাজীপুর, বরিশাল, চট্টগ্রাম, যশোর | ১৮ | ১৫টি-সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-শিক্ষা মন্ত্রণালয়<br>প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয় | ১৬টি -উত্তর পাওয়া গেছে | শিক্ষক প্রশিক্ষণ মডিউলে **শিক্ষণ-শিখন এবং দক্ষতা ও কৌশল অধ্যায়ে আবশ্যিক হিসেবে** শারীরিক ও মানসিক শাস্তির বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। |
| ০৩ | বিগত এক বছরে দেশের শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক শাস্তি প্রদান সংক্রান্ত কতটি অভিযোগ গ্রহণ করা হয়েছে ও এবং কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে | ঢাকা | ০৪ | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ -শিক্ষা মন্ত্রণালয়<br><br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-শিক্ষা মন্ত্রণালয়<br><br>প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয়<br><br>ঢাকা জেলা প্রশাসক | ০৩টি -উত্তর পাওয়া গেছে | বিগত এক বছরে শারীরিক ও মানসিক শাস্তি প্রদান সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া যায়নি।<br><br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-শিক্ষা মন্ত্রণালয় থেকে কোন উত্তর পাওয়া যায়নি।<br><br>প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয় এর আটটি বিভাগ থেকে ২০১৭ সালে শারীরিক ও মানসিক শাস্তি প্রদান সংক্রান্ত ৪৭ টি অভিযোগ পেয়েছে এবং ২০১৮ সালে ৯ টি অভিযোগ পেয়েছে। অভিযুক্ত শিক্ষকদের বিরুদ্ধে গৃহীত পদক্ষেপের মধ্যে রয়েছে: বরখাস্ত, স্থগিতকরণ, বদলি, মৌখিক তিরস্কার, সতর্কতা, বেতন পিছিয়ে দেওয়া, বেতন স্থগিত করা, বিভাগীয় মামলা দায়ের করা ইত্যাদি।<br><br>গত ১৯ জুলাই ২০১৬ তারিখ প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের উপর শারীরিক শাস্তি প্রদান বন্ধকরণ বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে ১২ মে ২০১৬ তারিখ জারিকৃত পরিপত্রের উপর আলোচনা হয়। আলোচনা গুলো হলো - |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | ১. থানা শিক্ষা অফিসার এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ প্রাথমিক বিদ্যালয়ে অধ্যায়নরত ছাত্র-ছাত্রীদের উপর শারীরিক শাস্তি প্রদান বন্ধকরণ বিষয়ে প্রতি মাসে একটি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার এর নিকট প্রদান করবেন।<br>২. প্রতি তিন মাস পর উপজেলা নির্বাহী অফিসার এ বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করবেন।<br>৩. প্রতিমাসে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় বিষয়টি অন্তর্ভুক্ত করে আলোচনা করতে হবে।<br>○ ১১ আগস্ট ২০১৬ এ একই বিষয়ে আলোচনা হয়। |
| ০৪ | বিগত এক বছরে শিক্ষা কর্মকর্তা মাঠ পরিদর্শনে দেশের শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক শাস্তি প্রদান সংক্রান্ত কোন অভিযোগ পেয়েছেন কিনা এবং শারীরিক ও মানসিক শাস্তি প্রদান বন্ধে কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | ০৩ | রাজশাহী, ফরিদপুর, সিলেট | ০১-রাজশাহী | ○ মোহনপুর, তানোর, দুর্গাপুর, পবা উপজেলা শিক্ষা কর্মকর্তা জানিয়েছেন যে তারা ইতোমধ্যে তাদের উপজেলা পর্যায়ে শিক্ষক-পিতামাতার মাসিক উঠান বৈঠকে এই বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য উদ্যোগ গ্রহণ করেছেন।<br>○ পুঠিয়ায় উপজেলা শিক্ষা কর্মকর্তা জানিয়েছেন যে এ সম্পর্কিত কোনও অভিযোগ পাওয়া যায়নি।<br>○ বাঘা, বোয়ালিয়া, চারঘাট, বাঘমারা, গোদাগাড়ী উপজেলা শিক্ষা কর্মকর্তা জানিয়েছেন তারা নিয়মিত মাঠ পরিদর্শনে শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক শাস্তি প্রদান সম্পর্কিত অভিযোগ প্রাপ্তির বিষয়ে খোঁজ নেন এবং এ সংক্রান্ত প্রতিবেদন জমা দেন। |

# শিশু আইন ২০১৩ ও প্রাসঙ্গিক নীতিমালা সংস্কারের দাবী



শিক্ষা প্রতিষ্ঠানে শিশুদের উপর শারীরিক ও মানসিক শাস্তি বন্ধে হাইকোর্টের রায়, সরকারি পরিপত্রসমূহ ও নির্দেশনা বাস্তবায়ন এবং বিদ্যমান শিশু আইন ২০১৩ এর সংশোধনী বিষয়ে সুপারিশসমূহ গ্রহণের উদ্দেশ্যে গত ২৪ ডিসেম্বর ২০১৯ তারিখ সেভ দ্য চিলড্রেন এর সহায়তায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) কর্তৃক ঢাকার ডেইলি স্টার এর সভাকক্ষে "শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসন এবং আইনগত সুরক্ষা" বিষয়ক মতবিনিময় সভার আয়োজন করা হয়।

সভায় শিশু বিষয়ক সংসদীয় ককাস এর মাননীয় সদস্য মোঃ ইসরাফিল আলম, এমপি; এবং সুপ্রীম কোর্ট বাংলাদেশ এর হাইকোর্ট বিভাগ এর সাবেক বিচারপতি এবং ব্লাস্ট এর বোর্ড অব ট্রাস্টিজ এর সদস্য বিচারপতি এএফএম আব্দুর রহমান ছাড়াও জেলা জজ (অবসরপ্রাপ্ত) এবং জাতীয় মানবাধিকার কমিশনের সাবেক সদস্য নুরুন নাহার ওসমানী; সেভ দ্য চিলড্রেন এর ম্যানেজার একরামুল কবীর সহ জাতীয় কমিশন, আইন কমিশন; সমাজকল্যান মন্ত্রণালয়; শিক্ষা মন্ত্রণালয়; শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি বন্ধে কোয়ালিশনের সদস্যবৃন্দ; শিক্ষক, আইনজীবী, সাংবাদিক, মানবাধিকার কর্মী ও নাগরিক সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

- সভায় শিশু আইন ২০১৩ এর ৭০ ধারার সংশোধন ও এর বিধিমালা প্রণয়ন,
- এ সংশ্লিষ্ট পরিপত্র ও নির্দেশনাসমূহ শিক্ষা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে এবং প্রধান শিক্ষক ও শিক্ষক বিশ্রাম কক্ষে দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা করা,
- প্রতিটি স্কুলে একজন কাউন্সিলর নিয়োগ দেয়া,
- শারীরিক ও মানসিক শাস্তির সংজ্ঞা সহজতর করা, অভিযুক্তদের ক্ষেত্রে শাস্তির বিধান না রেখে বিকল্প ব্যবস্থা গ্রহণ করার পাশাপাশি আইন এর প্রয়োগ এর পরিকল্পনা করতে হবে বলে সুপারিশ করেন অংশগ্রহণকারীবৃন্দ।

> **শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে সমন্বিত উদ্যোগের মাধ্যমে শিশু আইনের সংশোধন করা প্রয়োজন**
>
> *– মতবিনিময় সভায় বক্তারা*

# বিভাগীয় কর্মশালা #০১




গত ০২ সেপ্টেম্বর ২০১৯ তারিখে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর আয়োজনে ও সেভ দ্য চিলড্রেন এর সহযোগিতায় সিলেট এর আম্বরখানায় হোটেল ব্রিটানিয়ার কন্সফারেন্স রুমে “শিক্ষা প্রতিষ্ঠানসহ সর্বক্ষেত্রে শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে করণীয় বিষয়ক একটি বিভাগীয় কর্মশালা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এম কাজী এমদাদুল ইসলাম, জেলা প্রশাসক, সিলেট; বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শারমিন সুলতানা, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সিলেট; প্রফেসর কাজী ফারুক আহমেদ, শিক্ষক নেতা (সদস্য জাতীয় শিক্ষা নীতি ২০১০ এর সদস্য) ও চেয়ারম্যান, আইএইচডি; মোঃ জামিলুর হক, সভাপতি, পরিচালনা পরিষদ, ব্লাস্ট, সিলেট ইউনিট সহ আইনজীবী, শিশু অধিকার বিষয়ক মানবাধিকার সংগঠনের প্রতিনিধি, শিশু প্রতিনিধি, শিক্ষক ও অভিভাবকমণ্ডলী, পুলিশ প্রশাসন ও ব্লাস্টের প্রতিনিধিবৃন্দসহ প্রমুখ।



> ‘ শিশু আইন বাস্তবায়নে সবাইকে সংবেদনশীল হতে হবে ’
> ...
>
> *– বিভাগীয় পর্যায়ে কর্মশালায়*
> *এম কাজী এমদাদুল ইসলাম*
> *জেলা প্রশাসক, সিলেট*

# বিভাগীয় কর্মশালা #০২

> শিক্ষা প্রতিষ্ঠান সহ সকলক্ষেত্রে শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তির বিষয়টিকে আইনের আওতায় আনা প্রয়োজন। এই জন্য বিদ্যমান শিশু আইন পরীক্ষা নিরীক্ষা করে সংশোধন করা প্রয়োজন ...
>
> *– কর্মশালায় মীর শফিকুল আলম জেলা ও দায়রা জজ , রাজশাহী*




গত ৩০ নভেম্বর ২০১৯ তারিখে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেসট্রাস্ট (ব্লাস্ট) এর আয়োজনে ও সেভ দ্য চিলড্রেন এর সহযোগিতায় রাজশাহী এর নানকিং দরবার হল এ শিক্ষা প্রতিষ্ঠানসহ সর্বক্ষেত্রে শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসন এবং আইনগত সুরক্ষায় করণীয় শীর্ষক একটি বিভাগীয় কর্মশালা অনুষ্ঠিত হয়।

সভায় রাজশাহী মহানগর দায়রা জজ; নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল- ১ এর বিচারক; চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট; চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট; ব্লাস্ট রাজশাহী ইউনিটের সভাপতি; রাজশাহী অ্যাডভোকেট বার অ্যাসোসিয়েশনের সভাপতি; আইনজীবী; শিশু প্রতিনিধি, শিক্ষক ও অভিভাবকমণ্ডলী, পুলিশ প্রশাসন ও ব্লাস্টের প্রতিনিধিবৃন্দসহ প্রমুখ উপস্থিত ছিলেন।

- সভায় শারীরিক ও মানসিক শাস্তির সংজ্ঞা সহজতর করা;
- আইন সংশোধনের মাধ্যমে শারীরিক ও মানসিক শাস্তির বিধান অন্তর্ভূক্ত করে ৭০ ধারার আওতায় বর্ধিত করা;
- অভিযুক্তদের ক্ষেত্রে শাস্তির বিধান না রেখে বিকল্প ব্যবস্থা গ্রহণ, আইন প্রণয়ন করার পাশাপাশি প্রয়োগের পরিকল্পনা করা, বিচারিক প্রক্রিয়ায় কোন কোন উপাদান সমূহ সাক্ষ্য গ্রহণের সময় বিবেচনায় আনতে হবে বা হবে না সেগুলো সংশোধনীতে উল্লেখ করতে হবে বলে সুপারিশ করেন অংশগ্রহণকারীগণ।


# শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে কোয়ালিশন এর কার্যক্রম

শিশু অধিকার ও সুরক্ষা বিষয়ে কাজ করে এমন বিভিন্ন সংস্থা, শিক্ষক, আইনজীবী, সাংবাদিক - **২৯ জন প্রতিনিধিদের সমন্বয়ে** গত ২০১৭ সালে **"শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে কোয়ালিশন"**[৩] গঠন করা হয়েছে, এর সদস্যরা বাংলাদেশে সর্বক্ষেত্রে শিশুদের শারীরিক ও মানসিক শাস্তি বন্ধে একযোগে কাজ করার প্রয়াস চালাচ্ছে। ২০১৯ সালে সর্বমোট ০৪ টি কোয়ালিশন এর সভা অনুষ্ঠিত হয়েছে যার মূল লক্ষ্য ছিল

- কোয়ালিশনের পরিকল্পনা ২০১৯ এর চূড়ান্তকরণ, কোয়ালিশনের সদস্যদের জন্য শিশু আইন ২০১৩ ও তথ্য অধিকার আইন এর ব্যবহার বিষয়ে সভার আয়োজন
- শিশুর প্রতি শারীরিক ও মানসিক শাস্তি বিষয়টি শিশু আইন ২০১৩ তে অর্ন্তভুক্তি বিষয়ে সংশোধনী প্রস্তাবনা প্রণয়ন এর লক্ষ্যে কোয়ালিশনের সদস্যদের মধ্য হতে ০৯ সদস্য বিশিষ্ট কার্যকরী কমিটি গঠন এবং খসড়া সংশোধনী প্রস্তাব প্রণয়ন
- শিশুদের প্রতি শারীরিক ও মানসিক নির্যাতন এবং গুরুতর আঘাত এর কারনে শিশুদের শারীরিক ক্ষতির ঘটনা সমূহ কোয়ালিশনের মাধ্যমে জাতীয় মানবাধিকার কমিশন, সংশ্লিষ্ট মন্ত্রণালয়সহ স্থানীয় প্রশাসনে অভিযোগ প্রেরণ, আইনী সহায়তা প্রদান ইত্যাদি।
- শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে কোয়ালিশন এর সম্মানিত সদস্যবৃন্দদের নিয়ে ব্লাস্ট এবং রেডিও কালারস্ এফএম ১০১.৬ যৌথভাবে শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে প্রচারণার লক্ষ্যে ০৩টি রেডিও টক-শো এর আয়োজন করা হয়




- শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে কোয়ালিশনের সদস্য বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর উদ্যোগে ল' রিপোর্টার্স ফোরাম এর ১৯তম প্রতিষ্ঠা বার্ষিকী 'সুশাসন' এর সংখ্যায় "শিক্ষার্থীকে শারীরিক ও মানসিক শাস্তি বন্ধে সামাজিক আন্দোলন কেন অপরিহার্য" শিরোনামে প্রবন্ধ প্রকাশিত হয়। প্রবন্ধটি লিখেছেন কোয়ালিশন এর সম্মানিত সদস্য অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ।








[৩] কোয়ালিশন বিষয়ে আরো তথ্যের জন্য যোগাযোগ করুন ই-মেইলে: endphpcoalition@gmail.com

# মহামান্য হাইকোর্ট এর প্রদত্ত রায়ের আলোকে শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্দেশনার বাস্তবায়ন

ব্লাস্ট শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২০১০ সাল হতে ২০১৬ সাল পর্যন্ত ছাত্র/ছাত্রীদের শারীরিক ও মানসিক শাস্তি রহিত করে বিভিন্ন পরিপত্র জারি করে নির্দেশনা ও অফিস আদেশসমুহ বাস্তবায়ন এবং মানবাধিকার কমিশন কর্তৃক প্রেরিত অভিযোগ সমূহ স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং দ্রুত তদন্তের জন্য অনুরোধ করা হয়ে থাকে।

- ২০১০ সালে মহামান্য হাইকোর্টে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) ও আইন ও সালিস কেন্দ্র (আসক) কর্তৃক জনস্বার্থে দায়েরকৃত রীট পিটিশন নং-৫৬৮৪/২০১০ এর ১৩.০১.২০১১ তারিখের রায়ের প্রদত্ত নির্দেশনার আলোকে শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২০১০ সাল হতে ২০১৬ সাল পর্যন্ত ছাত্র/ছাত্রীদের শারীরিক ও মানসিক শাস্তি রহিত করে বিভিন্ন পরিপত্র জারি করে নির্দেশনা প্রদান করেন। কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিশুদের শারীরিক ও মানসিক শাস্তির বিষয়টি গোচরীভূত হলে ব্লাস্ট জাতীয় মানবাধিকার কমিশনসহ স্থানীয় প্রশাসন ও সংশ্লিষ্ট অন্যান্যদের নিকট অভিযোগ দায়ের করে। প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে সংশ্লিষ্ট জেলা প্রশাসকসহ অন্যান্যরা বিষয়টি বিবেচনাপূর্বক সরকারের পরিপত্রের নির্দেশনার আলোকে নিজ নিজ জেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে পদক্ষেপ নেয়ার এবং জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক কোন প্রতিবেদন তলব করা হলে তা দ্রুততার সাথে প্রেরণের সুপারিশ করে। ব্লাস্ট সমগ্র বাংলাদেশের ৬৪টি জেলার জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা), জেলা শিক্ষা অফিসার এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এর নিকট স্মারকলিপি প্রদান করে। যার ফলশ্রুতিতে তদন্ত প্রতিবেদন পাওয়ার হার বৃদ্ধি পেয়েছে যা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তির ঘটনার অভিযোগসমুহ দ্রুত নিষ্পত্তিতে সহায়তা করেছে।

- শিক্ষা প্রতিষ্ঠানে শিশুদের শারীরিক ও মানসিক শাস্তি প্রদানের বিষয়টি একটি শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচনা করে বিভিন্ন মন্ত্রণালয় প্রদত্ত নির্দেশনা ও ব্লাস্ট আয়োজিত বিভাগীয় পর্যায়ে সভা হতে প্রাপ্ত সুপারিশসমূহ নিয়ে স্মারকলিপি প্রদান করা হয়:

  - অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সিলেট (তারিখ: ০২ সেপ্টেম্বর ২০১৯)
  - মাননীয় জেলা প্রশাসক এবং অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা), ফরিদপুর (তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০১৯)

# সুইজারল্যান্ডের জেনেভায় জাতিসংঘের নির্যাতনবিরোধী কমিটিতে (ক্যাট) বাংলাদেশ প্রাথমিক প্রতিবেদন পেশ এবং মানবাধিকার ফোরাম বাংলাদেশ এর প্রতিবেদনে শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক ও মানসিক শাস্তি রহিত বিষয়ের অন্তর্ভুক্তি

জাতিসংঘের নির্যাতনবিরোধী সনদে বাংলাদেশ স্বাক্ষর করে ১৯৯৮ সালে। গত ৩০ ও ৩১ জুলাই ২০১৯ তারিখ সুইজারল্যান্ডের জেনেভায় জাতিসংঘের নির্যাতনবিরোধী কমিটির (ক্যাট) ৬৭তম অধিবেশনে বাংলাদেশের পরিস্থিতি নিয়ে পর্যালোচনা করা হয়। United Nations Convention against Torture, ১৯৮৪-এর ১৯ অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপক্ষ হিসেবে বাংলাদেশ সরকার এই প্রতিবেদন পেশ করেছে। সেখানে হেফাজতে নির্যাতনসহ বিভিন্ন বিষয় তুলে ধরেন কমিটি এবং এর জবাব দেয় বাংলাদেশ প্রতিনিধিদল। অধিবেশনে বাংলাদেশ সরকারের দেওয়া প্রাথমিক প্রতিবেদনে ২০১২ থেকে ২০১৯ সালের মধ্যে মানবাধিকার কমিশন নির্যাতন বিষয়ে ৭৭টি অভিযোগ পাওয়ার কথা বলা হয়। পাশাপাশি আইন কমিশনে দৈহিক শাস্তি নিষিদ্ধ করা, শিক্ষা প্রতিষ্ঠান ও কর্মক্ষেত্রে নারীর বিরুদ্ধে যৌন হয়রানি রোধসহ একাধিক বিষয় এ প্রতিবেদনে উঠে আসে।[৪]

[8] https://www.blast.org.bd/content/Child-Rights/Child-Rights-issue-UNCAT-Report-2019.pdf

# সচেতনতা বৃদ্ধি

শিক্ষা প্রতিষ্ঠানসহ সর্বক্ষেত্রে শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে সচেতনতার জন্য প্রতি বছরের মতো এবারও ফরিদপুর ও চট্টগ্রামে সচেতনতা মূলক মেলার আয়োজন করা হয়। মেলায় শিশু শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক, স্থানীয় জনপ্রতিনিধি, স্কুল ব্যবস্থাপনা কমিটির সদস্যসহ স্থানীয় জনগণ এ সকল মেলায় অংশগ্রহণ করেন।

## ব্লাস্ট মেলা # ১

গত ২৬ সেপ্টেম্বর ২০১৯ চর টেপাখোলা উচ্চ বিদ্যালয়, চর টেপাখোলা, ফরিদপুরে দিনব্যাপী ব্লাস্ট সচেতনতা মেলায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব পরিমল চন্দ্র মন্ডল, জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর। মেলায় প্রায় ৬০০ জন (শিক্ষার্থী ৫০০ জন) অংশগ্রহণ করে। মেলায় শিশুদের আঁকা ছবি প্রদর্শন, যেমন খুশি তেমন সাজো প্রতিযোগিতা, দেশাত্মবোধক গান ও জারী গান পরিবেশন করা হয়।



*"ক্লাসে যেন শিশুর প্রতি না হয় নির্যাতন*
*সেই দাবিতে আদালতে করে আবেদন।*
*ব্লাস্টের আবেদনের ফলে নির্যাতন হয় রোধ*
*শিক্ষকরা আর দেখাবে না শিশুর প্রতি ক্রোধ"--*

**ফরিদপুরের সচেতনতা মেলার জারী গান**

## ব্লাস্ট মেলা # ২

গত ১৭ ডিসেম্বর ২০১৯ দক্ষিণ পতেঙ্গা সিটি করপোরেশন উচ্চ বিদ্যালয়, পতেঙ্গা, চট্টগ্রামে দিনব্যাপী ব্লাস্ট সচেতনতা মেলায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সালেহ আহমদ চৌধুরী, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের এর কাউন্সিলর। মেলায় প্রায় ৩০০ জন (শিক্ষার্থী ২০০ জন) অংশগ্রহণ করে। মেলায় শিশুদের আঁকা ছবি প্রদর্শন, বির্তক প্রতিযোগিতা, যেমন খুশী তেমন সাজো, দেশাত্মবোধক গান পরিবেশন করা হয়।

## শিশু আইন ২০১৩ সংশোধনী প্রস্তাবনায় শিশুদের সচেতনতা ও মতামত গ্রহণ

শিশুদের শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে মহামান্য হাইকোর্টের নির্দেশনা এবং শিশু আইন ২০১৩ বিষয়ে শিশুদের সচেতনতা ও শিশু আইন সংশোধনীতে কী কী বিষয় আসতে পারে সে বিষয়ে মোট ৯৫ জন ছাত্র-ছাত্রী তাদের মতামত প্রদান করেন। গত ০১, ১৫ ও ২২ ডিসেম্বর ২০১৯ তারিখ যথাক্রমে দারুস সালাম কামিল মাদ্রাসা, রাজশাহী; নুরুল ইসলাম উচ্চ বিদ্যালয়, ফরিদপুর; ইস্কাটন গার্ডেন উচ্চ বিদ্যালয়, ঢাকাতে ব্লাস্ট তিনটি সেশনে শিশুদের অংশগ্রহণ ও মতামত প্রদান নিশ্চিত করে। শিশুরা শারীরিক ও মানসিক শাস্তির নেতিবাচক প্রভাব এবং অভিযুক্ত শিক্ষকের দণ্ড ও জরিমানা কী হতে পারে সে সম্পর্কে তাদের মূল্যবান মতামত দেন।



# রেডিও অনুষ্ঠান







**০৭**
টি রেডিও শো

**১২**
জন অতিথি

**২,৩৪,৩১৬**
জন শ্রোতা

**লিঙ্ক**
https://www.facebook.com/Coloursfm1016/

২০১৯ সালে ব্লাস্ট এবং রেডিও কালারস্ এফএম ১০১.৬ যৌথভাবে শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে প্রচারণার লক্ষ্যে ০৭টি রেডিও অনুষ্ঠান এর আয়োজন করে যেখানে জাতীয় মানবাধিকার কমিশনের প্রতিনিধি, সেভ দ্য চিলড্রেন এর প্রতিনিধি, আইনজীবী, মনোবিদ, শিক্ষক, শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে কোয়ালিশন এর সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

| তারিখ | বিষয় | অংশগ্রহনকারী | ফেসবুক লাইভ লিংক |
|---|---|---|---|
| ২৭ মে ২০১৯ | শিশুদের প্রতি শারীরিক ও মানসিক নির্যাতন: বর্তমান অবস্থা ও করণীয় | মোহাম্মদ আমিরুল হক, এ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এবং ইফতেখার মাহমুদ, সহকারী অধ্যাপক, আইন বিভাগ, ইস্টার্ন ইউনিভার্সিটি, ঢাকা। | https://web.facebook.com/Coloursfm1016/videos/439064686906324/ **Total Reach: 31855** |
| ০১ জুলাই ২০১৯ | পরিবারে শিশুদের প্রতি শারীরিক ও মানসিক নির্যাতন ও এর প্রভাব | ডা. মেখলা সরকার, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, মানসিক রোগ বিশেষজ্ঞ, জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট। | https://www.facebook.com/Coloursfm1016/videos/896779594006372/ **Total Reach: 16136** |
| ০৮ জুলাই ২০১৯ | কর্মক্ষেত্রে শিশু নির্যাতন এবং বিদ্যমান আইন | আবদুল্লাহ আল মামুন, সেক্টর ডিরেক্টর, সেভ দ্য চিলড্রেন এবং সিফাত-ই-নূর খানম, স্টাফ ল'ইয়ার, ব্লাস্ট | https://www.facebook.com/Coloursfm1016/videos/318787825693784/ **Total Reach:19210** |

| | | | |
|---|---|---|---|
| ২৬ আগস্ট ২০১৯ | শিক্ষা প্রতিষ্ঠানে শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তির প্রভাব<br>শিশুর প্রতি শারীরিক, মানসিক ও যৌন নির্যাতন বন্ধে বিদ্যমান আইন ও মহামান্য হাইকোর্টের রায়: আমাদের করণীয় | এম. রবিউল ইসলাম, উপ-পরিচালক, জাতীয় মানবাধিকার কমিশন এবং এ্যাডভোকেট জামিউল হক ফয়সাল, এ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট। | https://www.facebook.com/Coloursfm1016/videos/672290619919900/<br>**Total Reach: 76698** |
| ৩০ সেপ্টেম্বর ২০১৯ | বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭: প্রয়োগ ও বাস্তবতা | সাবরিনা নূপুর, উপ-পরিচালক-এডভোকেসি এন্ড জাস্টিস ফর চিলড্রেন, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ এবং সিফাত-ই-নূর খানম, স্টাফ ল'ইয়ার, ব্লাস্ট | https://www.facebook.com/Coloursfm1016/videos/415669062481287/<br>**Total Reach: 23211** |
| ০৭ অক্টোবর ২০১৯ | শিক্ষা প্রতিষ্ঠানে শিশুদের যৌন হয়রানি প্রতিরোধে মহামান্য হাইকোর্টের নির্দেশনা ও করণীয় | এ্যাডভোকেট আইনুন্নাহার সিদ্দিকা লিপি, এ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এবং এডভোকেট আয়শা আক্তার, স্টাফ ল'ইয়ার, ব্লাস্ট | https://www.facebook.com/Coloursfm1016/videos/488398518682261/<br>**Total Reach: 33651** |
| ২৮ অক্টোবর ২০১৯ | শিক্ষা প্রতিষ্ঠানে শিশুদের যৌন হয়রানি প্রতিরোধে মহামান্য হাইকোর্টের নির্দেশনা ও করণীয় | রোকসানা সুলতানা, নির্বাহী পরিচালক, ব্রেকিং দ্য সাইলেন্স এবং মোঃ মুশফিকুর রহমান, ইনসিডিন বাংলাদেশ। | https://web.facebook.com/Coloursfm1016/videos/2658131380905830/<br>**Total Reach:33555** |

## সামাজিক মাধ্যমে সচেতনতা ২০১৯

### শিশুদের শারীরিক ও মানসিক শাস্তি প্রতিরোধ বিষয়ক Ending Corporal Punishment ফেসবুক পেজ

17 Post

56 Like

2,20,555 Reach

Link https://web.facebook.com/EndingCorporalPunishment

### ব্লাস্ট অফিসিয়াল ফেসবুক পেজ

21 Post

686 Like

2,36,334 Reach

Link https://www.facebook.com/BLASTBangladesh)

# দিবস উদযাপন




২৫ নভেম্বর - ১০ ডিসেম্বর ২০১৯: ১৬ দিনের নারী ও কন্যাশিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ পক্ষ

- রেডিও শো: আমার আইন-আমার অধিকার
- রেডিও স্টেশন: ঢাকা এফএম ৯০.৪
- বিষয়: যৌন হয়রানী প্রতিরোধে মহামান্য হাইকোর্টের নির্দেশনা ও করণীয়
- অতিথি: কামরুন নাহার, সদস্য নারীপক্ষ ও তাপসী রাবেয়া, সহকারী পরিচালক, ব্লাস্ট

https://www.facebook.com/radioshadhin92.4fm/videos/2510592092549682/




২৫ নভেম্বর - ১০ ডিসেম্বর ২০১৯ : ১৬ দিনের নারী ও কন্যাশিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ পক্ষ

- রেডিও শো: "Rise Up For Women"
- রেডিও স্টেশন- রেডিও স্বাধীন ৯২.৪ এফএম
- বিষয়: বাল্যবিবাহ নিরোধ আইন-প্রয়োগ ও বাস্তবতা
- অতিথি: এডভোকেট সিফাত ই নুর খানম, স্টাফ ল'ইয়ার, ব্লাস্ট

https://www.facebook.com/radioshadhin92.4fm/videos/2510592092549682/

# জাতীয় ও স্থানীয় পত্র-পত্রিকা ও প্রচার মাধ্যমে প্রকাশিত সংবাদ প্রতিবেদন

শিশুদের শারীরিক ও মানসিক শাস্তি নিরসনে ব্লাস্ট ২০১৯ সালে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেন এবং সংবাদসমূহ জাতীয় ও স্থানীয় বিভিন্ন পত্র পত্রিকায় প্রকাশিত হয়।

**০২**

**টি স্থানীয় পত্রিকায় প্রকাশিত সংবাদ**

https://www.blast.org.bd/news/news-reports/local-news

**০৫**

**টি জাতীয় পত্রিকায় প্রকাশিত সংবাদ**

https://www.blast.org.bd/news/news-reports/national-news

শিশুদের শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক, মানসিক শাস্তি ও যৌন নির্যাতন এর বর্তমান অবস্থা এবং এটি রোধে বিদ্যমান আইন ও নীতিমালা বিষয়ে ব্লাস্ট এর সহযোগিতায় মাছরাঙ্গা টিভি একটি প্রতিবেদন তৈরী করে যা গত ২৮ এপ্রিল ২০১৯ তারিখ প্রচারিত হয়।[৫]








[৫] ইউটিউব লিংক: https://www.youtube.com/watch?v=BcvWwuHPe_o&feature=share

# শিশুদের প্রতি শারিরীক ও মানসিক শাস্তি নিরসনে প্রকাশনী ২০১৯

*যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি প্রদান বন্ধে মহামান্য হাইকোর্টের রায়ের সংক্ষিপ্তসার ও প্রাসঙ্গিক নীতিমালা সমূহ*


*https://www.blast.org.bd/content/publications/PHP-Research-Brief-Final.pdf*




*শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসন সম্পর্কিত কার্যক্রমের উল্লেখযোগ্য অগ্রগতি ২০১৭-২০১৮*

*https://www.blast.org.bd/content/publications/C-PA-Booklet_print-ECP-19-11-2019.pdf*




*Policy Brief: Title*
*Physical and Humiliating Punishment of Children: Key Findings and Protection Gaps*

*https://www.blast.org.bd/content/publications/PHP-Research-Brief-Final.pdf*

# আইনী সহায়তার জন্য ব্লাস্টের শাখা অফিসসমূহে যোগাযোগ করুন

**বরিশাল**
বার এসোসিয়েশন (৪র্থ তলা), বরিশাল।
ফোন ঃ ০৪৩১-৬২৮০৫, ইমেইলঃ barishalunit@blast.org.bd

**বগুড়া**
খাজা বাড়ী (জেলা পরিষদের পেছনে) নীচ তলা, বগুড়া।
ফোন ঃ ০৫১-৬১৮৫০, ইমেইলঃ boguraunit@blast.org.bd

**চাঁদপুর**
৯৩০ চিশতি কটেজ (৩য় তলা), ইব্রাহীম বি.টি রোড, ষোলঘর, চাঁদপুর। ফোন ঃ ০১৭৩৪৬৯৩৭৫১, ইমেইল ঃ avcb@blast.org.bd

**চট্টগ্রাম**
আশফী রঙ্গন টাওয়ার (৩য় তলা), আদালত বিল্ডিংয়ের বিপরীত পার্শ্বে, ৪৫ আব্দুর রহমান সড়ক, চট্টগ্রাম। ফোন ঃ ০৩১-৬৩০৫৭৮
ইমেইল ঃ chattogramunit@blast.org.bd

**কক্সবাজার**
প্রশান্তি ভবন, ফ্ল্যাট ৪বি (৩য়-৪র্থ তলা), ২৮১/এ উত্তর রুমালিছড়া (বিপরীত পার্শ্বে ইনকাম ট্যাক্স অফিস) খুরুসকুল রোড, ডাক্তার মাথা, কক্সবাজার। ফোন ঃ ০১৭১৭-৯৩৩৯৬৬
ইমেইল ঃ avcb@blast.org.bd

**কুমিল্লা**
বার এসোসিয়েশন ভবন (২য় তলা), জজ আদালত, বার মসজিদ মেস বিল্ডিং, কুমিল্লা। ফোন ঃ ০৮১-৬৬৯৪৪
ইমেইল ঃ cumillaunit@blast.org.bd

**ঢাকা**
**১৬, কোর্ট হাউজ স্ট্রীট, ঢাকা-১১০০**
**ফোন ঃ ০১৭১১১১৮২৪২০**
ইমেইল ঃ dhakaunit@blast.org.bd

**দিনাজপুর**
স্কাই ভিউ (নীচ তলা), ঈদগাঁ বস্তি, পুলিশ কোর্টের দক্ষিণে, দিনাজপুর। ফোন ঃ ০৫৩১-৬৫২৭৯
ইমেইলঃ dinajpurunit@blast.org.bd

**ফরিদপুর**
আইনজীবী সহকারী সমিতি ভবন (২য় তলা), কোর্ট চত্বর, ফরিদপুর। ফোন ঃ ০৬৩১-৬৫৭৬৬
ইমেইল ঃ faridpurunit@blast.org.bd

**গাজীপুর**
এফ-৯/৩, হৃদয় ভিলা, উত্তর রাজবাড়ী, পানির ট্যাংকি, গাজীপুর সিটি করপোরেশন, গাজীপুর-১৭০০। ফোনঃ ০১৭৭৭-৫৫১৫০৩
ইমেইল ঃ bpas.gazipur@blast.org.bd

**যশোর**
৩২ মজিব সড়ক (৪র্থ তলা), প্রেস ক্লাবের দক্ষিণ পার্শ্বে, যশোর।
ফোন ঃ ০৪২১-৬৭৬৭৪, ইমেইল ঃ jashoreunit@blast.org.bd

**খুলনা**
বার এসোসিয়েশন মধ্য ভবন (২য় তলা), কোর্ট রোড, খুলনা।
ফোন ঃ ০৪১-৮১২৭০২ ইমেইল ঃ khulnaunit@blast.org.bd

**কুষ্টিয়া**
বার এসোসিয়েশন বিল্ডিং (৩য় তলা), কুষ্টিয়া।
ফোন ঃ ০৭১-৬১৩৮১, ইমেইল ঃ kushtiaunit@blast.org.bd

**ময়মনসিংহ**
শহীদ এডভোকেট সৈয়দ নজরুল ইসলাম ভবন (নীচ তলা) জেলা বার এসোসিয়েশন, ময়মনসিংহ। ফোন ঃ ০৯১-৬৪১৯৭
ইমেইল ঃ mymensinghunit@blast.org.bd

**নোয়াখালী**
বার এসোসিয়েশন বিল্ডিং (২য় তলা) জজ কোর্ট রোড, নোয়াখালী।
ফোন ঃ ০৩২১-৬১৬৬৩, ইমেইল ঃ noakhaliuit@blast.org.bd

**পাবনা**
বার এসোসিয়েশন বিল্ডিং (২য় তলা), পাবনা।
ফোন ঃ ০৭৩১-৬৬৪৬০, ইমেইল ঃ pabnaunit@blast.org.bd

**পটুয়াখালী**
বার এসোসিয়েশন বিল্ডিং (২য় তলা), পটুয়াখালী।
ফোন ঃ ০৪৪১-৬৪০৯৪, ইমেইল ঃ patuakhaliunit@blast.org.bd

**রাজশাহী**
বার এসোসিয়েশন, নতুন ভবনের ২য় তলা (পূর্ব পার্শ্বে) রাজশাহী কোর্ট, রাজশাহী। ফোন ঃ ০২৪৭-৮১১৫৩৩
ইমেইল ঃ rajshahiunit@blast.org.bd

**রাঙ্গামাটি**
নিউ কোর্ট রোড, হ্যাপির মোর (২য় তলা), বনরুপা, কোতয়ালী, রাঙ্গামাটি।, ফোন ঃ ০৩৫১৬৩৫০৯
ইমেইল ঃ rangamatiunit@blast.org.bd

**রংপুর**
বার এসোসিয়েশন বিল্ডিং (২য় তলা), রংপুর।
ফোন ঃ ০৫২১-৬১০৬২, ইমেইল ঃ rangpurunit@blast.org.bd

**সুনামগঞ্জ**
সৈকত ৩, দক্ষিন আরেফিন নগর, সুনামগঞ্জ।
ফোন ঃ ০১৭১১-২৭৭০৪২ ইমেইল ঃ bpas.sunam@blast.org.bd

**মৌলভীবাজার**
জম জম হাউজ, দরগা মহল্লা, আবু তাহের লিংকরোড, চুবড়া, মৌলভীবাজার সদর-৩২০০।

**সিলেট**
বার এসোসিয়েশন বিল্ডিং (৩য় তলা), সিলেট।
ফোন ঃ ঃ ০৮২১-৮১৩৩০১, ইমেইল ঃ sylhetunit@blast.org.bd

**টাঙ্গাইল**
**বাসা-৯২/১, মেডিকেল কলেজ রোড, সাবালিয়া, টাঙ্গাইল।**
ফোন ঃ ০৯২১-৬২২০৭
ইমেইল ঃ tangailunit@blast.org.bd

## বিশ্ববিদ্যালয় ল' ক্লিনিক

**ঢাকা বিশ্ববিদ্যালয়**
আইন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
ইমেইল ঃ dhakaclinic@blast.org.bd

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়**
আইন বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।
ফোন ঃ ০১৭৪৬০৮৪০৩৪
ইমেইল ঃ jahangirnagarclinic@blast.org.bd

## কমিউনিটি ল' ক্লিনিক

**গোপীবাগ**
৮৯/৩/১ (৪র্থ তলা), আর.কে মিশন রোড, গোপীবাগ, ঢাকা।
ফোন ঃ ০২-৭৫৫২৭৭৬
ইমেইল ঃ gopibagclinic@blast.org.bd

## ওয়ান স্টপ সেন্টার

**মহাখালী, কড়াইল**
বাড়ী নং. খ/১০২, ১নং ইউনিট, কড়াইল, ঢাকা ১২১৩।
ফোন ঃ ০১৮৪৭-১৩০৪৬৭

**ভাষানটেক, মিরপুর**
বাসা নং-১, নগর চেয়ারম্যান গলি, ভাষানটেক, মিরপুর।
ফোন ঃ ০১৮৪৭-১৩০৩২৪



নামঃ শেখ সাদী
শ্রেনীঃ ৪র্থ
চরটেপাখোলা সরকারী প্রাথমিক বিদ্যালয়




নামঃ ফারজানা আক্তার
শ্রেনীঃ ৫ম
চরটেপাখোলা সরকারী প্রাথমিক বিদ্যালয়

**নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ন্যাশনাল হেল্পলাইন সেন্টার হটলাইন ঃ ১০৯**
**জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা হেল্পলাইন ঃ ১৬৪৩০**
**শিশু নির্যাতন প্রতিরোধে হেল্পলাইন ঃ ১০৯৮**
**বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) হেল্পলাইন ঃ ০১৭১৫ ২২০ ২২০**


শিশুরও আছে
আইনের আশ্রয়লাভের
অধিকার


শিক্ষা প্রতিষ্ঠান হোক
শিশু বান্ধব ও নিরাপদ


শিশুদের সাথে
ভাল ব্যবহার করি
তাদের উজ্জ্বল
ভবিষ্যৎ গড়ি


বন্ধুত্বপূর্ণ পরিবেশ পেলে
শিশুরা শিখবে
হেসে খেলে


শিশুর অধিকার
ভালোবাসায় বেড়ে ওঠার


সব শিশুর আছে
সহিংসতা ও নির্যাতন থেকে
মুক্ত থাকার অধিকার

**বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)**

- ১/১, পাইওনিয়র রোড, কাকরাইল, ঢাকা-১০০০
- +৮৮ (০২) ৮৩৯১৯৭০-২
- mail@blast.org.bd
- facebook.com/BLASTBangladesh
- www.blast.org.bd

ব্লাস্ট হেল্পলাইন : ০১৭১৫২২০২২০